বাংলাদেশে ৬ জনের শরীরে মিলেছে ব্রিটেনে শনাক্ত হওয়া করোনার নতুন ধরন

চেম্বার ডেস্ক:: বাংলাদেশে এখন পর্যন্ত ৬ জনের শরীরে মিলেছে ব্রিটেনে শনাক্ত হওয়া করোনার নতুন ধরন।

আজ বুধবার (১০ মার্চ) সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এ এস এম আলমগীর এ তথ্য নিশ্চিত করে নি বলেন, এখন পর্যন্ত বাংলাদেশে ৬ জনের মধ্যে যুক্তরাজ্যের করোনা স্ট্রেইন পাওয়া গেছে।

নতুন স্ট্রেইনের ওপর ভ্যাকসিন ঠিকভাবে কাজ করছে বলেও জানান তিনি।

এ এস এম আলমগীর বলেন, যুক্তরাজ্যের স্ট্রেন সংক্রমণ ক্ষমতা বেশি। বাংলাদেশ এই স্ট্রেন নিয়ে পর্যবেক্ষণ করছে।

তবে বাংলাদেশে সংক্রমণ সংখ্যা বাড়ার জন্য ইউকে ভেরিয়েন্টের প্রভাব নেই বলে জানান তিনি।

উল্লেখ্য, এর আগে গত বছরের ২৪ ডিসেম্বর ব্রিটেনে শনাক্ত হওয়া করোনার নতুন ধরনের সঙ্গে মিল আছে এমন জিনোমের উপস্থিতি বাংলাদেশে পাওয়া গেছে বলে জানিয়েছিল বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) জিনোমিক গবেষণাগার ল্যাব।

বিসিএসআইআর জানায়, গত নভেম্বরের শুরুতে বিসিএসআইআর করোনাভাইরাসের পাঁচটি নমুনার জিনোম সিকোয়েন্সিং করে। তাতে পাওয়া মিউটেশনের সঙ্গে যুক্তরাজ্যের নতুন বৈশিষ্ট্যের